গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৮-৮৮৬ তারিখঃ ০৮-১১-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৮-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-১০-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অক্টোবর, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ১৫-১১-২০১৮ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

৮.১১.২০১৮
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, আরইটিসি/বাজার সংযোগ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইজ মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৮-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।
তারিখ : ২৮ অক্টোবর, ২০১৮ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের সেপ্টেম্বর,২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১:** ২৭-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৭-০৯-২০১৮ তারিখে আগষ্ট, ২০১৮ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৭-০৯-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি সমূহের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক এডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ৫৫০.০০ লক্ষ (রাজস্ব খাতে ২৮৯.০০ লক্ষ এবং মূলধন খাতে ২৬১.০০লক্ষ) টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরে ১ম কিস্তি বাবদ ১৩৭.৫০ লক্ষ (২৫%) টাকা ছাড় করা হলেও আইবাস সিষ্টেমে অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট এন্ট্রি সময়মত না হওয়ায় সেপ্টেম্বর,১৮ পর্যন্ত ৫৩.০০ লক্ষ (৯.৬৩%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১ম কিস্তি বাবদ ২৯.৫৮ লক্ষ (২৫%) টাকা ছাড় করা হলে সেপ্টেম্বর,১৮ পর্যন্ত ০.৫০ লক্ষ (০.৪২%) টাকা ব্যয় করা হয়। ইতোমধ্যে প্রায় ০৪ (চার) মাস অতিক্রম হওয়ার পরও অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে কিস্তি ভিত্তিক অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা দেন।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের আন্ত:খাত সমন্বয় করে ডিপিপির মূল বরাদ্দ অনুযায়ী ১৩৭৮.০০ লক্ষ টাকা ব্যয়ের লক্ষ্যমাত্রা ধরে দ্রুত ডিপিপি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সিলেট অঞ্চলের চলমান অফিস-কাম-ট্রেনিং সেন্টার ৪র্থ তলা পর্যন্ত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ ও প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি

নির্দেশনা প্রদান করেন। এছাড়া ২০১৮-১৯ অর্থ বছরে প্রকল্পের আওতায় যে ভিডিও ডকুমেন্টটারী তৈরী করা হবে তা ছোট ছোট ভিডিও ক্লিপ করে বিভিন্ন মেলা/সেমিনারে প্রদর্শন উপযোগী করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান ও জনবহুল স্থানে (সচিবালয়, সরকারি কোয়ার্টার, স্কুল, কলেজ ইত্যাদি স্থানে) বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে বিভিন্ন জাতীয় পত্রিকা, ইলেক্ট্রনিক মিডিয়া, সামাজিক যোগাযোগ মাধ্যম ও সুপার শপ মালিকদের পত্র প্রেরণের পদক্ষেপ গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সরকারের একটি নতুন ধারণা এরূপ ধারণার আদলে নতুন নতুন কর্মসূচির প্রস্তাব প্রণয়ন করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন।

২.৩: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে যে সকল জেলা হতে ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন সংক্রান্ত পত্র পাওয়া যায়নি সে সকল জেলায় পুনরায় যোগাযোগ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । এছাড়া উক্ত জেলাসমূহে সরোজমিনে পরিদর্শন করে ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপনের জন্য প্রাপ্ত জায়গা সমূহ যথোপযুক্ত কিনা তা নিশ্চিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচিসমূহের দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ ৩০ অক্টোবর, ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

৪-বিবিধঃ অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে অবকাঠামো, লজিস্টিক এবং মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে কৃষি বিপণন ব্যবস্থার কার্যকারিতা বৃদ্ধি এবং এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক বিষয়াদি সম্পর্কিত নতুন নতুন পরিকল্পনা ভিত্তিক ডিপিপি প্রস্তুত করার নিমিত্ত পরিকল্পনা কমিশন অথবা কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার কর্মকর্তাদের সম্পৃক্ত করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া কর্মসূচির জন্য গঠিত মনিটরিং টীম এবং অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখা প্রকল্প এবং কর্মসূচি বাস্তবায়িত জেলাসমূহে সরজমিনে পরিদর্শন ও মনিটরিং করে প্রতিমাসে প্রতিবেদন দাখিল করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**8: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৪.১** | (ক) ২০১৮-১৯ অর্থ বছরে প্রকল্পের আওতায় যে ভিডিও ডকুমেন্টটারী তৈরী করা হবে তা ছোট ছোট ভিডিও ক্লিপ করে বিভিন্ন মেলা/সেমিনারে প্রদর্শন উপযোগী করে তৈরী করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) এডিপি বরাদ্দ মোতাবেক ১০০% ব্যয় নিশ্চিত করার জন্য যথাযথভাবে কার্যক্রম সম্পাদন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আইসিআইএসআরপি<br>(ডিএএম অংগ) |
| **৪.২** | (ক) কর্মসূচির কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান ও জনবহুল স্থানে (সরকারি কোয়াটার, স্কুল ও কলেজ) বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) কর্মসূচির কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত কৃষি তথ্য সার্ভিস, বিভিন্ন | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি। |

| | | |
|---|---|---|
| | জাতীয় পত্রিকা, ইলেক্ট্রনিক মিডিয়া ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ ও ই-এগ্রিমার্কেটিং ধারণার আদলে নতুন নতুন কর্মসূচি/প্রকল্প প্রস্তাব তৈরী করতে হবে৷ | |
| ৪.৩ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরে যে সকল জেলা হতে ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন করা হবে উক্ত জেলাসমূহে সরোজমিনে পরিদর্শন করে ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপনের জন্য জায়গা সমূহ যথোপযুক্ত কিনা তা নিশ্চিত করতে হবে।<br>(খ) ইতোমধ্যে স্থাপিত ডিসপ্লেবোর্ডসমূহ সচল করে বাজার তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |
| ৪.৪ | কৃষি বিপণন ব্যবস্থার কার্যকারিতা বৃদ্ধি এবং এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক বিষয়াদি সম্পর্কিত নতুন নতুন পরিকল্পনা ভিত্তিক ডিপিপি প্রস্তুত করার নিমিত্ত পরিকল্পনা কমিশন অথবা কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার কর্মকর্তাদের সম্পৃক্ত করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক<br>(আরইটিসি)। |
| ৪.৫ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচিসমূহের আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ ৩০ অক্টোবর, ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে হবে। | প্রকল্প ও কর্মসূচি পরিচালক<br>(সকল) |
| ৪.৬ | কর্মসূচির জন্য গঠিত মনিটরিং টীম এবং অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখা প্রকল্প এবং কর্মসূচি বাস্তবায়িত জেলাসমূহে সরজমিনে পরিদর্শন করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে। | আহবায়ক,<br>কর্মসূচি মনিটরিং টীম<br>(সকল)<br>উপ-পরিচালক (পিপি) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১১/১৮

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর